

# আপনার যা জানা প্রয়োজন

# বাই নাউ, পে লেটার লোন সম্পর্কে

আপনি সম্ভবত স্টোরে বা অনলাইনে “বাই নাউ, পে লেটার” বা “পে ইন 4” পেমেন্ট অপশনগুলি দেখেছেন, তবে আপনি কী জানেন যে সেগুলি আসলে কী? এগুলি হলো স্বল্পমেয়াদী লোন যা আপনাকে কোনও কিছু কেনাকাটা করার জন্য ছোট কিস্তিতে সেটির মূল্য পরিশোধ করার এবং সেটি করার জন্য আপনাকে কোনও অতিরিক্ত ফি বা সুদ না দেওয়ারও সুযোগ করে দেয়, **যদি আপনি সময়মতো পুরো মূল্য পরিশোধ করে দেন।** দুর্ভাগ্যবশত, আপনার ইচ্ছার চেয়ে বেশি অর্থ খরচ করা সহজ হয়ে যেতে পারে। উপভোক্তা ও শ্রমিক সুরক্ষা বিভাগ (Department of Consumer and Worker Protection, DCWP) আপনাকে আপনার অর্থ বাঁচাতে সাহায্য করার জন্য এই টিপসগুলি তৈরি করেছে।

## সাক্ষর করার আগে চিন্তা করুন।

বাই নাউ, পে লেটার আপনাকে দ্রুত সিদ্ধান্ত নিতে প্রলুব্ধ করতে পারে। তবুও, সাক্ষর করার আগে কিছুটা সময় নিন। জিনিসটি সম্পর্কে বিচার বিবেচনা করুন। সেটি কেনার সবচেয়ে ভাল উপায় লোন নেওয়াই কিনা সেটাও বিচার বিবেচনা করুন। যতক্ষণ পর্যন্ত আপনি সম্পূর্ণ মূল্য প্রদান করে সেটি ক্রয় করার জন্য যথেষ্ট অর্থ সঞ্চয় করতে না পারেন ততক্ষণ সেই জিনিসটি কেনার জন্য বিলম্ব করাই ভাল উপায় হতে পারে।

## বিশদ বিবরণগুলি পড়ুন।

বাই নাউ, পে লেটার লোনগুলি পরিশোধ করার ক্ষেত্রে ভিন্ন ধরনের সময়সীমা, ফি এবং সুদের হার রয়েছে। কিছু লোন ফি-এবং সুদ-মুক্ত হওয়ার দাবি করে কিন্তু দেরীতে পেমেন্ট করার বা পেমেন্ট মিস করার ক্ষেত্রে তারা বেশি করে চার্জ করে। বিভিন্ন কোম্পানির থেকে নেওয়া লোনগুলিকে পেমেন্ট করার সাধারণত বিভিন্ন সময়সূচী থাকে।

## রিটার্ন পলিসি চেক করুন।

আপনি যে নির্দিষ্ট লোনটি নেন তার রিফান্ড, রিটার্ন এবং এক্সচেঞ্জ কীভাবে কাজ করে সে সম্পর্কে আপনি ভালভাবে জানেন তা নিশ্চিত করুন। উপভোক্তারা বাই নাউ, পে লেটার উপায়টি ব্যবহার করে কেনা আইটেম ফেরত দেওয়ার ক্ষেত্রে অসুবিধার সম্মুখীন হয়েছেন বলে রিপোর্ট করেছেন।

## কেনার আগে বাজেট করুন।

আপনি যে সময়মত আপনার লোনটি পরিশোধ করতে পারবেন তা নিশ্চিত করুন। লোন পরিশোধ করাকালীন সময়ে আপনার আয় যেন লোন পরিশোধ করার পাশাপাশি আপনার বাসস্থান, খাবার, এবং পরিবহনের মতো প্রয়োজনীয় জিনিসপত্রগুলির জন্য করা খরচগুলিকেও বহন করতে পারে। যদি আপনার আয় সপ্তাহে পরিবর্তিত হয়, তাহলে আপনার প্রয়োজনীয় আইটেমটি সম্পূর্ণ মূল্যে কেনার জন্য আপনার সেই পরিমাণ অর্থ সঞ্চয় করা আরও ভাল উপায় হতে পারে। NYC আর্থিক ক্ষমতায়ন কেন্দ্রগুলি আপনাকে একটি বাজেট তৈরি করতে সাহায্য করতে পারে।

## বাই নাউ, পে লেটার লোন কীভাবে আপনার ক্রেডিট স্কোরকে প্রভাবিত করতে পারে তা বুঝুন।

বাই নাউ, পে লেটার কোম্পানিগুলি প্রধান ক্রেডিট ব্যুরোগুলিতে পেমেন্টের রিপোর্টগুলি সামঞ্জস্যপূর্ণভাবে প্রদান করে না। দেরীতে করা পেমেন্ট অধিকাংশ ক্ষেত্রে ক্রেডিট স্কোর কমতে পারে, এবং সময়ে করা পেমেন্ট ক্রেডিট স্কোরকে উন্নত নাও করতে পারে। আপনি যদি আপনার ক্রেডিট স্কোরকে উন্নত করতে চান, তবে আপনি অন্য লোন বা ক্রেডিট প্রোডাক্ট সম্পর্কে বিচার বিবেচনা করতে পারেন।

## আপনার নেওয়া বাই নাউ, পে লেটার লোনের সংখ্যা সীমিত করুন।

একই সময়ে বেশ কয়েকটি লোন পরিশোধ করার বিষয়টি কঠিন হয়ে উঠতে পারে কারণ সেগুলি পেমেন্ট করার জন্য ভিন্ন সময়সূচী এবং ভিন্ন ভিন্ন শর্তাবলী থাকতে পারে। অনেকগুলি বাই নাউ, পে লেটার লোন একই সময়ে পরিশোধ করার বিষয়টি এড়িয়ে চলুন। যদি আপনার একাধিক লোনের প্রয়োজন হয়, তাহলে পেমেন্ট প্রদান করার তারিখ এবং শর্তাবলীকে একটি ক্রমবিন্যাসে রাখতে একই কোম্পানির সাথে লেনদেন করুন। লোনের অর্থ পরিশোধ করার ক্ষেত্রে সহায়তা করার জন্য যাতে আপনি টেক্সট এবং ইমেল রিমাইন্ডার পান তা নিশ্চিত করুন।

## আপনি যদি স্বয়ংক্রিয়ভাবে পেমেন্ট করতে না চান তাহলে অটো-পে বন্ধ করুন।

অনেক বাই নাউ, পে লেটার কোম্পানির ক্ষেত্রে অটোম্যাটিক পেমেন্ট হল ডিফল্ট অপশন। যদি আপনার ব্যাংক অ্যাকাউন্ট ওভারড্রাফ্ট অনুমোদন করে, অথবা আপনি যদি আগেভাগে পেমেন্ট করার পরিকল্পনা করেন, তাহলে অটোম্যাটিক পেমেন্ট অপশনটি আপনার জন্য সঠিক নাও হতে পারে। অটোম্যাটিক পেমেন্ট বন্ধ করার আইনি অধিকার আপনার আছে। আপনি যদি অটোম্যাটিক পেমেন্ট বন্ধ করতে না পারেন, আপনি কোম্পানিকে এবং আপনার ব্যাংককে “অনুমোদন প্রত্যাহারের” একটি চিঠি পাঠাতে পারেন। আরও তথ্যের জন্য [consumerfinance.gov](http://consumerfinance.gov) ওয়েবসাইটটি ভিজিট করুন।

## আপনার সাহায্যের প্রয়োজনে বিনামূল্যে আর্থিক পরামর্শ লাভ করুন।

NYC আর্থিক ক্ষমতায়ন কেন্দ্রগুলি সরাসরি ব্যক্তিগতভাবে বা ফোনের মাধ্যমে বিনামূল্যে পেশাদার আর্থিক পরামর্শ প্রদান করে। একটি অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করার জন্য [nyc.gov/TalkMoney](http://nyc.gov/TalkMoney) ওয়েবসাইটটি ভিজিট করুন অথবা 311 নম্বরে কল করুন।

## অভিযোগ

DCWP এর সাথে [nyc.gov/dcwp](http://nyc.gov/dcwp) ওয়েবসাইটে গিয়ে অথবা 311 নম্বরে কল করে যোগাযোগ করুন এবং “অভিযোগ জমা করুন” বলুন।